গাংনীতে গাঁজাসহ একজন আটক

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া ইকো পার্ক এলাকায় অভিযান চালিয়ে সুজন আলী (২৭) নামের এক মাদক ব্যবসায়ীকে ১’শ গ্রাম গাঁজাসহ আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

শুক্রবার রাতে সুজন আলীকে আটক করা হয়। সুজন আলী নয়াপাড়া গ্রামের রহিম বক্স এর ছেলে। ডিবি সূত্রে জানা গেছে, গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবির এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এএসআই (নি:) মাহাতাব উদ্দিন, এএসআই (নি:) হেলাল উদ্দিন সহ সঙ্গীয় নিয়ে ভাটপাড়া ইকো পার্ক এলাকায় অভিযান চালিয়ে সুজন আলীকে গ্রেফতার করে। তার কাছ থেকে ১শ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে গাংনী থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে নতুন করে আরও ৩৪ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৪

মেহেরপুরে নতুন করে আরও ৩৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ৪ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২৪ জন, গাংনীতে ০৫ জন, মুজিবনগর ০৫ জন।

শুক্রবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১০৮ টি। তারমধ্যে ৩৪ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫৪৩ জন। তার মধ্যে সদরে ১৬৮ জন, গাংনীতে ২৭৬ জন এবং মুজিবনগরে ৯৯ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৫৪ জন । মৃতদের মধ্যে সদরে ৭০ জন, গাংনী ৫১ জন ও মুজিবনগরে ৩৩ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত

ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

জীবননগরে জেবিএফ ফাউন্ডেশনের সদস্যদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

জীবননগরে সেচ্ছাসেবী সংগঠন জীবননগর বন্ধু ফাউন্ডেশন (জেবিএফ) এর ৩৫জন সদস্যকে সামাজিক উন্নয়মুলক কাজের উপর ১দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল সাড়ে ৯টার সময় জীবননগর জীবননগর বন্ধু ফাউন্ডেশন (জেবিএফ) এর আয়োজনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হলরুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

জীবননগর বন্ধু ফাউন্ডেশনের সভাপতি মিঠুন মাহমুদের সভাপতিত্বে এ সময় প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন শিক্ষক শরিফুল ইসলাম উজ্বল, চাষী রমজান, সাদিয়া ইসলাম মাহি, তুহিনুজ্জামান, আব্দুল্লাহ মাসুম প্রমুখ। প্রশিক্ষণ শেষে সকল সদস্যদের মাঝে পরিবেশ বান্ধব ফলজ,বনজ গাছের চারা বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন ঐশ্বর্য সাহা প্রিয়া।

জীবননগরে রাতের আধারে কৃষকের বাড়িতে ডাকাত দলের হানা

জীবননগরে রাতের আধারে কৃষকের বাড়িতে সংঘবদ্ধ ডাকাত দলের হানা নগদ অর্থসহ স্বর্ণালঙ্কার লুট এক মাসের ব্যবধানে একই এলাকাতে তিনবার ডাকাতির ঘটনায় এলাকাবাসীর মধ্যে চরম আতঙ্ক বিরাজ করছে। গত বৃহস্পতিবার রাত ২টার সময় জীবননগর পৌরসভার ২নং ওয়ার্ড নারায়নপুর

গ্রামের মৃতঃ আফসার আলীর ছেলে কৃষক হাবিবুরের বাড়িতে এ ডাকাতির ঘটনা ঘটে।

ভুক্তভোগী পরিবার সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার রাত আনুমানিক ২টার সময় মুখোশ পরা অবস্থায় ১৫ থেকে ২০জনের একটি সংঘবদ্ধ ডাকাত দলের সদস্যরা বাড়ির ভিতরে প্রবেশ করে । এ সময় বাড়ির ৫জন সদস্যকে জিম্মি করে ঘরে থাকা নগদ ১২হাজার টাকাসহ স্বর্ণালঙ্কার লুট করে নিয়ে যায়।এদিকে গত এক মাসের ব্যবধানে একই এলাকায় তিনবার ডাকাতি হওয়ার ঘটনায় এলাকার সাধারন মানুষের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

স্থানীয় সুত্রে জানা গেছে, কোরবানীর ঈদের দুই দিন আগে গঙ্গাদাশপুর গ্রামের মৃত মান্দার আলীর ছেলে পল্লী চিকিৎসক আঃ সালাম জীবননগর বাজার থেকে দোকান বন্ধ করে বাড়ি যাওয়ার পথে সীমান্ত ব্রীক্সের অদুরে আম বাগানের নিকট তাকে থামিয়ে কাছে থাকা নগদ অল্প কিছু টাকা ও কিছু ঔষধ নেওয়ার চেষ্টা করে টাকা দিতে অপরাগত জানালে তার মাথায় হাসুয়া দিয়ে কোপ মেরে গুরুত্বর আহত করে কাছে থাকা মালামাল ডাকাত দলের সদস্যরা পালিয়ে যায়। পরবর্তীতে জীবননগর থানা পুলিশের সদস্যরা আমবাগানের মধ্যে অভিযান চালিয়ে ঔষধ উদ্ধার করে।

গত ১লা আগস্ট শনিবার রাত সাড়ে ১০টার সময় একই স্থানে রাস্তার উপর গাছ ফেলে গঙ্গাদাশপুর গ্রামের আব্দুর রহমান, আশা ঘটক, বাবু এবং বাবুর কারখানার শ্রমিকদের আটক করে তাদের নিকট কোন অর্থ না পাওয়ায় তাদেরকে মারধর করে ছেড়ে দেয়। এদিকে সপ্তাহ যেতে না যেতেই আবারও এক কৃষকের বাড়িতে ডাকাতি।

স্থানীয়রা অভিযোগ করে বলছেন যে স্থানে একাধিকবার ডাকাতির ঘটনা ঘটছে তার পাশেই পুলিশ থাকছে পুলিশ থেকেও যদি ডাকাতি হয় তা হলে সাধারন মানুষ নিরাপত্তা থাকবে কি ভাবে।ডাকাতদের ভয়তে এখন বাড়িতে থাকায় দায় হয়ে পড়েছে।জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) সাইফুল ইসলাম বলেন,নারায়নপুর গ্রামে যে বাড়িতে এ ঘটনা ঘটেছে ওই পরিবারের লোকজন থানায় কোন অভিযোগ করেনি তবে বিষয়টা আমরা তদন্ত করছি । তদন্ত পুর্বক দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

চুয়াডাঙ্গার বেগমপুর যদুপুর গ্রামে গর্তের পানিতে পড়ে শিশু কন্যার করুন মৃত্য

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমমপুর ইউনিয়নের দর্শনা থানার যদুপুর গ্রামে গর্তের পানিতে পড়ে মিতু নামের এক শিশুর করুণ মৃত্যু হয়েছে। জানা গেছে আজ ০৬,আগষ্ট শুক্রবার সকাল ১১ টার দিকে বেগমপুর যদু পুর গ্রামের মায়ের অসাবধানবশত ১৮ মাস বয়সী মিতু বাড়ির পাশে গর্তের পানিতে পড়ে তার করুন মৃত্য হয়। পারিবারিক সৃত্রে জানাগেছে বেগমপুর ইউনিয়ের দর্শনা থানার যদুপুর গ্রামের পশ্চিম পাড়ার জুয়েলের মেয়ে মিতিু ১৮ মাস বয়সী কন্যা শিশু ঘরে খেলতে খেলেতে কখন মায়ের অজান্তে নেমে যায়। মা খেয়াল না করায় বাড়ির পাশে গর্তের পানিতে পড়ে যায়। পরে খোজাখুুজি করলে দেখে গর্তের ভিতর ডুবে পড়ে আছে। সাথে সাথে মিতুর পানির ভিতর তুলে দেখে সে মরে গেছে।এ ঘটনায় শিশুর পিতা মাতা প্রায় প্রলোপ হয়ে গেছে এবং এলাকায় নেমে এসেছে শোকের মাতম।

ঝিনাইদহে ২৪ ঘন্টায় ৮ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ৪৭

ঝিনাইদহে আবারো বেড়েছে করোনায় মৃত্যুর সংখ্যা। গত ২৪ ঘন্টায় করোনায় আক্রান্ত হয়ে ও উপসর্গ নিয়ে মারা গেছে ৮ জন। এছাড়াও নতুন করে জেলায় আক্রান্ত হয়েছে ৪৭ জন।
সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, বৃহস্পতিবার সকাল থেকে শুক্রবার সকাল পর্যন্ত ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় করোনা পজেটিভ নিয়ে ৬ জন ও উপসর্গ নিয়ে ১ জন মারা গেছে। এছাড়াও শৈলকুপার ব্রহ্মপুর গ্রামের উপসর্গ নিয়ে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে আরও ১ জন। এ নিয়ে জেলায় মোট মৃত্যুর সংখ্যা দাড়ালো ২২৩ জন।

সিভিল সার্জন আরও জানান, শুক্রবার সকালে ঝিনাইদহ ও কুষ্টিয়া ল্যাব থেকে নতুন করে ১৮৩ জনের নমুনার ফলাফল এসেছে। এদের মধ্যে ৪৭ জনের করোনা পজেটিভ এসেছে। আক্রান্তের হার ২৫ দশমিক ৬৮ ভাগ। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়ালো ৮ হাজার ৯১ জন।

ঝিনাইদহ-২ আসনের এমপি’র রোগ মুক্তি কামনায় মসজিদে দোয়া

ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি করোনা আক্রান্ত হয়েছেন। বর্তমান তিনি ঢাকার নিজ বাড়িতে চিকিৎসাধীন রয়েছেন। এমপি সমি সিদ্দিক নিজেই বৃহস্পতিবার বিকালে তার ফেসবুকে তথ্যটি শেয়ার করেন। তিনি উল্লেখ করেন “গত কয়েকদিন ধরে জ্বর অনুভুত হওয়ায় কোভিড পরীক্ষা করি। রেজাল্ট পজিটিভ এসেছে। তারপর থেকে হোম আইসোলেশনে আছি এবং নিয়োমিত ডাক্তারের পরামর্শ অনুযায়ী চলছি। তবে ভালো আছি ইনশাআল্লাহ, আপনারা সবাই আমার জন্য দোয়া করবেন”।
ঝিনাইদহ হরিণাকুণ্ডু মাটি মানুষের প্রাণ প্রিয় নেতার দ্রুত সুস্থতা কামনা করে শুক্রবার জুম্মাবাদ প্রতিটি মসজিদে মসজিদে দোয়া প্রার্থনা করা হয়েছে। সদস্যের প্রতিনিধি রওশন আলী তিনি জানিয়েছেন করোনা শুরু হওয়ার পর থেকে তিনি নিজের নির্বাচনী এলাকায় নিজ হাতে খাদ্য সামগ্রী ও নগদ অর্থ বিতরণ করে যাচ্ছেন। ঝিনাইদহ সদর হাসপাতাল ও শিশু হাসপাতালে রোগ নির্নয় ও অপারেশনের জন্য উন্নত সরঞ্জাম দিয়েছেন। মুমুর্ষ রোগীদের জন্য অক্সিজেন সিলিন্ডার, নোজেল ক্যানলা প্রদানসহ হাসপাতালের কার্যক্রম নিয়মিত তদারকী করে যাচ্ছেন। এমপি মহোদয় এর দ্রুত সুস্থতা কামনা করে তিনি ঝিনাইদহ বাসীর নিকট দোয়া চেয়েছেন।

সাবেক সচিব গাংনীর আলকামা সিদ্দিকীর মায়ের ইন্তেকাল

বাংলাদেশ সরকারের পাবলিক প্রাইভেট পার্টনারশিপ মন্ত্রণালয়ের সাবেক সচিব মেহেরপুর গাংনীর কৃতি সন্তান আলকামা সিদ্দিকী’র মা মোছা: সারা খাতুন (৮৩) বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহী ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আজ শুক্রবার (৬ আগস্ট ২০২১) সকাল ৯টা ৪০ মিনিটের সময় গাংনী বাসস্ট্যান্ড এলাকার নিজ বাসভবনে ইন্তেকাল করেন।
মরহুমা সাহারা খাতুন গাংনী সাব রেজিস্ট্রি অফিসের স্বনামধন্য ও প্রবীণ দলিল লেখক আব্দুর রহমানের স্ত্রী এবং অনলাইন নিউজ প্রেস হাউজ টোয়েন্টিফোর ডটকম-এর সম্পাদক এ সিদ্দিকী শাহিন,মেহরপুর আদালতের আইনজীবী সহকারি গোলাম কিবরিয়া কাজল, বিশিষ্ট ফুটবলার তোতা, বাবুল, নাজু ও তুহিনের মা। মৃত্যুকালে তিনি স্বামী, ৯ ছেলে,১মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।
এদিকে সারা খাতুনের মৃত্যুতে মেহেরপুর জেলা প্রেসক্লাব,গাংনী প্রেসক্লাবের সভাপতি,সম্পাদকসহ স্থানীয় সাংবাদিক এবং বিভিন্ন শ্রেণী পেশার মানুষ শোক প্রকাশ করেছেন।
মরহুমার জানাজার নামাজ বাদ আসর গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। আত্মীয়-স্বজন ও এলাকার ধর্মপ্রাণ মুসলমান স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উক্ত জানাজায় অংশ গ্রহন করেন।

কুষ্টিয়ায় করোনায় আরও ১২ জনের মৃত্যু, নতুন শনাক্ত ১১৬

কুষ্টিয়ায় গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত হয়ে আরও ১২ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে ১০ জন করোনায় আক্রান্ত হয়ে এবং বাকী দুই জন

করোনার উপসর্গ নিয়ে মারা যান।

এছাড়াও একই সময়ে জেলায় নতুন করে আরও ১১৬ জন প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত বলে শনাক্ত হয়েছেন। পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার দাঁড়িয়েছে ২৭ দশমিক ৪৮ শতাংশে।

শুক্রবার সকালে করোনা ডেডিকেটেড কুষ্টিয়া জেনারেল হাসপাতালের উপ-পরিচালক ডা. আব্দুল মোমেন এই তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, ‘করোনা ও উপসর্গ নিয়ে মারা যাওয়া সবাই কুষ্টিয়া করোনা ডেডিকেটেড ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসাধীন ছিলেন।

তিনি আরও বলেন, বর্তমানে হাসপাতালে ২৬৭ জন ভর্তি আছেন এবং হোম আইসোলেশনে আছেন ২ হাজার ৯৩৯ জন। কুষ্টিয়ায় এ পর্যন্ত ১৫ হাজার ৬১৯ জন করোনায় আক্রান্ত হয়েছেন। আর ৫৯৮ জন মারা গেছেন।

জেলা প্রশাসকের কার্যালয় সূত্রে জানা গেছে, গত ২৪ ঘণ্টায় জেলায় নমুনা পরীক্ষা বিবেচনায় করোনা শনাক্তের হার ২৭ দশমিক ৪৮ শতাংশ। নতুন করে শনাক্ত হওয়া ১১৬ জনের মধ্যে কুষ্টিয়া সদরের ৩৪ জন, দৌলতপুরের দুজন, কুমারখালীর ৩৩ জন, ভেড়ামারার ২২ জন, মিরপুরের ১৮ জন এবং খোকসা উপজেলার ৭ জন রয়েছেন।

এখন পর্যন্ত জেলায় ৯০ হাজার ২৮৮ জনের নমুনা পরীক্ষার জন্য নেওয়া হয়েছে। নমুনা পরীক্ষার প্রতিবেদন পাওয়া গেছে ৮৪ হাজার ৪৩৫ জনের। বর্তমানে কুষ্টিয়ায় সক্রিয় করোনা রোগীর সংখ্যা ৩ হাজার ২০৬ জন। তাদের মধ্যে হাসপাতালে চিকিৎসাধীন আছেন ২৬৭ জন ও হোম আইসোলেশনে আছেন ২ হাজার ৯৩৯ জন।

কুষ্টিয়া শেখ কামালের ৭২তম জন্মদিন উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছার জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা, ক্রীড়া ও